A-level
BENGALI

Paper 3 Listening, Reading and Writing

Insert

Text to be used when answering Multi-skill task Question 6.

Listening

বাংলাদেশের নির্বাচনী কাঠামো ও ব্যবস্থাপনা

Make your notes below on the key points of the recording.

Reading

বাংলাদেশের নির্বাচনী কাঠামো ও ব্যবস্থাপনা

একটি দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা ও রক্ষায় সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন অপরিহার্য। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত বাংলাদেশে বারোটি জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হলেও সব সময় নির্বাচন নিরপেক্ষ ও সুষ্ঠু হয়নি। একটি সুষ্ঠু নির্বাচনের দায়ভার নির্বাচন কমিশন, সরকার, রাজনৈতিক দল এবং সর্বোপরি জনগণের। একটি দেশের নির্বাচনী কাঠামো ও ব্যবস্থাপনা সেই দেশের গণতন্ত্রের মাপকাঠি। জনমতের সঠিক প্রতিফলন ঘটে যদি এই ব্যবস্থাপনা কার্যকরী হয়।

বাংলাদেশে নির্বাচন পরিচালনার জন্য এর কাঠামোতে একটি স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন কমিশন রয়েছে। আর এই কমিশনের মূল দায়িত্ব হলো নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনা করা। নির্বাচন পরিচালনায় এই প্রতিষ্ঠানটিই সর্বোচ্চ ক্ষমতা রাখে। নির্বাচন কমিশন স্থানীয় ও জাতীয় উভয় ধরনের নির্বাচনই করে থাকে। এই প্রতিষ্ঠান নির্বাচন অনুষ্ঠানের জন্য দক্ষ জনবল তৈরি, স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় রাখা, সঠিক ও চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন, রাজনৈতিক দল ও ভোটারদের সাথে মত বিনিময়, প্রার্থীদের বৈধতা যাচাই, তফসিল ঘোষণা, নির্বাচনে প্রযুক্তির উপযুক্ত ব্যবহার, শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করা, ইত্যাদি ভূমিকা পালন করে থাকে।

সুষ্ঠু নির্বাচনে নির্বাচনকালীন সরকারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারের ভূমিকার মধ্যে রয়েছে নির্বাচন সংক্রান্ত আইন ও বিধি-নিষেধের যথাযথ প্রয়োগে নির্বাচন কমিশনকে প্রয়োজনীয় সহযোগিতা করা। কমিশনের গঠন ও এর কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, ভোটার তালিকা তৈরি এবং কমিশনের কোনো ধরনের কাজে সরকারের হস্তক্ষেপ করা উচিত নয়।

নির্বাচনের প্রাণ হলো জনগণ। তাই সুষ্ঠু নির্বাচনের স্বার্থে জনগণের অংশগ্রহণ অপরিহার্য। ভোটার নিবন্ধন ও তালিকা প্রণয়নে সঠিক তথ্য দিয়ে নির্বাচন কমিশনকে সহযোগিতা করা এবং নির্বাচনের প্রতিটি পর্যায়ে নির্বাচনী আচরণবিধি অনুসরণ করে প্রভাবমুক্ত বিবেকবান ভোটার হিসেবে ভোটাধিকার প্রয়োগ করা জনগণের কর্তব্য।

বিতর্কিত নির্বাচনের অবসান ঘটাতে হলে বর্তমান কাঠামোর মধ্যে থেকে জনগণ, সরকার ও নির্বাচন কমিশন, প্রত্যেককেই নিজ নিজ ভূমিকা নিরপেক্ষভাবে পালন করতে হবে।

Reading

Make your notes below on the key points of the reading text.

Copyright information

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Copyright © 2025 AQA and its licensors. All rights reserved.